গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর, সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.৩০৯১(৮) তারিখঃ ২৩/০৯/২০২১ খ্রিঃ।

**বিষয়ঃ আসন্ন অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২১-২২ সম্পৃক্ত তথ্যাদি প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নিম্মেবর্ণিত "ছকে" প্রয়োজনীয় সমন্বিত তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

শ্রেণীভিত্তিক সিদ্ধ ও আতপ চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য **দৈনিক ৮ ঘন্টা হিসেবে** বিবেচনায় নিয়ে খাদ্য অধিদপ্তরে প্রেরণ করতে হবে। কালার সর্টার মেশিন না থাকলে কোন মিল অটোমেটিক মিল হিসেবে বিবেচিত হবে না। উল্লেখ্য যে, শ্রেণীভিত্তিক চালকলের ছাঁটাই ক্ষমতা নির্ণয়কালে মিলের বাস্তব ছাঁটাই ক্ষমতার চেয়ে অনেক বেশী ছাঁটাই ক্ষমতা দেখানো হয় এবং অনেক সময় অচল/বন্ধ মিলকে সচল মিল হিসেবে দেখিয়ে ছাঁটাই ক্ষমতা নির্ণয় করে অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয় মর্মেও অনুযোগ পাওয়া যায় যা কোন মতেই কাঙ্খিত নয়। এক্ষেত্রে খাদ্য অধিদপ্তরের ২১/০৮/২০১৯ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯.১২নং স্মারক ও ২৪/০৯/২০১৯ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫. ১৬৯.১৯.১৮০৫/৬৪(১৬) নং স্মারক অনুসরণ করতে হবে। **আগামী ২০-১০-২০২১ খ্রি: তারিখের মধ্যে** চাহিত তথ্য (হার্ডকপি ও সফট কপি) সংগ্রহ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। আলোচ্য তথ্যাদি ফ্যাক্স/বাহক/জিইপি মারফত প্রেরণের পাশাপাশি অবশ্যই dproc@dgfood.gov.bd নং ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য ২০২১-২২ আমন মৌসুমে ধানের সম্ভাব্য উৎপাদন ধানের আকারে, সিদ্ধ ও আতপ চালের মিলিং ক্ষমতা চালের আকারে উল্লেখ করতে হবে। সম্ভাব্য ধান উৎপাদন ও চালকলের (সিদ্ধ ও আতপ) পাক্ষিক ছাঁটাইক্ষমতার তথ্য প্রেরণের পর আলোচ্য বিষয়ে কোন সংশোধনী গ্রহণ করা হবে না।

আমন উৎপাদনের তথ্যঃ (ছক -১)

| জেলার নাম | উপজেলার নাম | ২০২১ সনের আবাদকৃত জমির পরিমান (হেক্টরে) | ২০২১ মৌসুমে আমন ধানের সম্ভাব্য উৎপাদন (ধানের আকারে) (মেঃ টনে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| মোট | | | | |

জেলা ও উপজেলাভিত্তিক মোট চাল কল সংখ্যা ও সিদ্ধ চাল মিলিং ক্ষমতাঃ (ছক -২)

| জেলার নাম | উপ-জেলার নাম | রাবার শেলার ও পলিশারবিহীন হাস্কিং মিল | | রাবার শেলার ও পলিশারযুক্ত হাস্কিং মিল | | অটোমেটিক মিল | | রাবার শেলার ও পলিশারবিহীন এবং রাবার শেলার ও পলিশারযুক্ত হাস্কিং মিল সংখ্যা | মোট ছাঁটাইক্ষমতা (চালের আকারে) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | পাক্ষিক ছাঁটাই ক্ষমতা | সংখ্যা | পাক্ষিক ছাঁটাইক্ষমতা | সংখ্যা | পাক্ষিক ছাঁটাইক্ষমতা | | রাবার শেলার ও পলিশারবিহীন এবং রাবার শেলার ও পলিশারযুক্ত হাস্কিং মিলের ছাঁটাইক্ষমতা | সর্বমোট পাক্ষিক ছাঁটাইক্ষমতা |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮(২+৪) | ৯ (৩+৫) | ১০(৭+৯) |
| | | | | | | | | | | |
| | মোট | | | | | | | | | |

F:\Internal Procurment\Amon Procurment\Amon 2020-21\Letter.do

চলমান পাতা-২

জেলা ও উপজেলাভিত্তিক মোট আতপ চালকল সংখ্যা ও আতপ চাল মিলিং ক্ষমতাঃ (ছক -৩)

| জেলার নাম | উপজেলার নাম | আতপ চালকলের ধরণ ও সংখ্যা | | | আতপ চালকলের ধরণ অনুযায়ী পাক্ষিক মিলিং ক্ষমতা (চালের আকারে) (মেঃ টনে) | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | স্বয়ংক্রিয় | আংশিক স্বয়ংক্রিয় | মোট | স্বয়ংক্রিয় | আংশিক স্বয়ংক্রিয় | মোট মিলিং ক্ষমতা(মেঃটনে) |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| মোট | | | | | | | |

এতে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের অনুমোদন রয়েছে।

(মোঃ রায়হানুল কবীর)
পরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.৩০৯১/৮(৩) তারিখঃ ২৩/০৯/২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২৩/০৯/২০২১
পরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
Website : www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.  তারিখঃ  /০৯/১৯ খ্রিঃ।

**বিষয়ঃ আসন্ন আমন সংগ্রহ-২০১৯-২০ মৌসুমে কোন অচল/বন্ধ মিলের পাক্ষিক ছাঁটাইক্ষমতার তথ্য প্রদান না করা সংক্রান্ত বিষয়ে তদারকীকরণ।**

সুত্র: খাদ্য অধিদপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯.১২, তারিখ: ২১/০৮/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকে আসন্ন আমন সংগ্রহ ২০১৯-২০ মৌসুমে কোন অচল/বন্ধ মিলের পাক্ষিক ছাঁটাইক্ষমতার তথ্য প্রদান না করার জন্য মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছিল (কপি সংযুক্ত)। পত্রে পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণের ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ বর্ণিত পরিপত্র অনুযায়ী সিদ্ধ ও আতপ শ্রেণীভিত্তিক চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণের ক্ষেত্রে শুধুমাত্র বৈধ লাইসেন্সধারী সচল চালকলের পাক্ষিক ছাঁটাইক্ষমতার তথ্য প্রেরণের জন্য বলা হয়েছে। উল্লেখ্য যে, প্রতি সংগ্রহ মৌসুমে শ্রেণীভিত্তিক চালকলের চাহিত পাক্ষিক ছাঁটাইক্ষমতার তথ্যের সাথে বৈধ সচল চালকলের তথ্যের সাথে অচল/বন্ধ চালকলের তথ্য প্রেরণ করা হয়। এ ব্যাপারে গত ২০১৯ বোরো মৌসুমে শ্রেণীভিত্তিক চালকলের ছাঁটাই ক্ষমতা প্রেরণের তথ্যে বৈধ চালকলের পাক্ষিক ছাঁটাইক্ষমতার পাশাপাশি অচল/বন্ধ চালকলের ছাঁটাইক্ষমতার তথ্য প্রেরণ করা হয়েছিল। সেকারণে পুনরায় বোরো/২০১৯ মৌসুমে সঠিক তথ্যাদি প্রেরণের জন্য মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়। তাই অতীত অভিজ্ঞতার আলোকে আগামী আমন ২০১৯-২০ সংগ্রহ মৌসুমে এ ধরণের অনাকাঙ্খিত ঘটনার যাতে পুনরাবৃত্তি না হয় সেব্যাপারে সূত্রস্থ স্মারকে চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণের ক্ষেত্রে যাতে অচল/বন্ধ চালকলের ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণ না করা হয় সে ব্যাপারে সূত্রোক্ত পত্রে নির্দেশ প্রদান করা হয়েছে।

এক্ষণে, স্ব স্ব জেলার চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা প্রেরণের তথ্যে অচল/বন্ধ চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার কোন তথ্য অন্তর্ভুক্ত যাতে না হয় সে বিষয়টি সূচারুভাবে তদারকী করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত:
(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
মহাপরিচালক
ফোন: ৯৫৮৪৮৩৪

প্রাপকঃ জেলা প্রশাসক (সকল)

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.১৮০৫(৬৪)(২৩)  তারিখঃ ২৪/০৯/১৯ খ্রিঃ।

**অনুলিপিঃ**

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার (সকল)।
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।
৪। অফিস কপি।

২৪/০৯/১৯
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯.১২ তারিখ: ৬ ভাদ্র ১৪২৬
২১ আগস্ট ২০১৯

বিষয়: **অভ্যন্তরীণ চাল সংগ্রহ আমন-২০১৯ মৌসুম শুরুর পূর্বেই কোন অচল/বন্ধ মিলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য প্রদান/চুক্তি সম্পাদন না করা।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্রতি সংগ্রহ মৌসুম শুরুর প্রাক্কালে শ্রেণীভিত্তিক চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য সংক্রান্ত পত্র মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়। চাহিত তথ্য প্রদানের ক্ষেত্রে কোন অচল/বন্ধ চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণ না করার জন্য পত্রে অনুরোধ করা হয়। তথাপি প্রতি সংগ্রহ মৌসুমেই অচল/বন্ধ চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণ না করার অনুরোধ করা সত্ত্বেও বৈধ চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার সাথে অচল/বন্ধ চালকলের ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণ করা হয়। উদাহরণ হিসেবে বলা যায় যে, চলতি বোরো সংগ্রহ ২০১৯ মৌসুমেও শ্রেণীভিত্তিক চালকলের ছাঁটাইক্ষমতা প্রেরণের ক্ষেত্রে বৈধ চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার পাশাপাশি অচল/বন্ধ চালকলের ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণ করা হয়ছিলো। সেকারণে গত ১৮/০৪/২০১৯ খ্রি: তারিখে বোরো সংগ্রহ/২০১৯ এর বিষয়ে মাননীয় খাদ্যমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মাঠ পর্যায় থেকে প্রাপ্ত শ্রেণীভিত্তিক চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার বিষয়ে নানাবিধ অভিযোগ থাকায় তা পুনরায় যাচাই পূর্বক সঠিক তথ্যাদি প্রেরণের জন্য মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছিল। পরবর্তীতে প্রথম ও দ্বিতীয় তথ্যের মধ্যে গরমিল পরিলক্ষিত হয়। বর্তমানে জেলা/উপজেলা হতে অচল/বন্ধ মিল সম্পর্কে ধারাবাহিক অভিযোগ পাওয়া যাচ্ছে এবং খাদ্য বিভাগের সুনাম ক্ষুন্ন হচ্ছে। আগামী আমন সংগ্রহ ২০১৯-২০ মৌসুমে এ ধরনের অনাকাঙ্খিত ঘটনার পুনরাবৃত্তি যাতে না হয় সে ব্যাপারে এখন থেকেই সজাগ থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

এমতাবস্থায়, আগামী আমন সংগ্রহ ২০১৯-২০ মৌসুমে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ বর্ণিত পরিপত্র অনুযায়ী সিদ্ধ ও আতপ শ্রেণীভিত্তিক চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণের ক্ষেত্রে শুধুমাত্র বৈধ লাইসেন্সধারী সচল চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণ করতে হবে। যদি শ্রেণীভিত্তিক চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণের ক্ষেত্রে অচল/বন্ধ চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণ করা হয় তবে সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থাসহ অন্যান্য শাস্তিমূলক কার্যক্রম গ্রহণ করা হবে এবং তাৎক্ষণিকভাবে অচল মিলের অনুকূলে দেয় চালের বরাদ্দ বাতিল করা হবে।

২৬-৮-২০১৯
ড. মোছাম্মৎ নাজমানারা খানুম
মহাপরিচালক

বিতরণ :
১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর
৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক এর দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট
৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
৭) মোঃ মাহবুবুর রহমান, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯.১২/১

তারিখ: ৬ ভাদ্র ১৪২৬
২১ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব, খাদ্য মন্ত্রণালয়

২৬-৮-২০১৯
ড. মোছাম্মৎ নাজমানারা খানুম
মহাপরিচালক